

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

রাজনৈতিক অধিশাখা-৬

স্মারক-৪৪.০০.০০০০.০৭৯.১৪.০০১.১৪-২৯০


তারিখঃ ২৩/০৪/২০১৫ খ্রিঃ

বিষয় : বিদেশী নাগরিকদের পার্বত্য অঞ্চল ভ্রমণ, দেশী/বিদেশী ব্যক্তি/সংস্থা কর্তৃক পার্বত্য অঞ্চলে স্থানীয় নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর সাথে সাক্ষাৎ/বৈঠক অনুষ্ঠানের বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

বর্ণিত বিষয়ে গত ২২ মার্চ, ২০১৫ তারিখে মাননীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- ক) Guided Tour Operator-দের মাধ্যমে ভ্রমণে ইচ্ছুক সাধারণ বিদেশী পর্যটকগণ সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর নিকট আবেদন করবেন। জেলা প্রশাসক সম্ভাব্য স্বল্পসময়ের মধ্যে নিরাপত্তা সংক্রান্ত বাস্তব অবস্থা যাচাইপূর্বক আবেদন বিবেচনা করে অনুমতি জ্ঞাপন করবেন। এক্ষেত্রে তিনি বিস্তারিত ভ্রমণসূচিসহ অনুমতি জ্ঞাপনের বিষয়টি স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, মাঠপর্যায়ে নিয়োজিত সকল আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সকল গোয়েন্দা সংস্থা ও সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষকে অবহিত করবেন।
- খ) কূটনীতিক/UN Agency/সমমর্মাদার বিদেশী সংস্থাসমূহে কর্মরত বিদেশী নাগরিকগণের এবং তাদের পরিবারের সদস্য/আত্মীয়-স্বজনদের ক্ষেত্রে পররাষ্ট্র মন্ত্রণালয় অনুমতি প্রদান করবে এবং সিদ্ধান্ত 'ক' এ বর্ণিত সংশ্লিষ্ট কর্তৃপক্ষসমূহকে অবহিত করবে।
- গ) পার্বত্য জেলাসমূহে অবস্থিত শিল্প, কল-কারখানায় কর্মরত বিদেশী নাগরিকগণের ক্ষেত্রে কারখানা কর্তৃপক্ষকে তাদের উপস্থিতি, মেয়াদ ইত্যাদি উল্লেখ করে জেলা প্রশাসকের কাছে আবেদন করতে হবে। জেলা প্রশাসক যাচাইপূর্বক অনুমতি প্রদান করে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অবহিত করবেন।
- ঘ) অন্যান্য সকল ক্ষেত্রে এবং নিজস্ব ব্যবস্থায় ভ্রমণকারী ও গবেষণা বা অন্য কোন কাজে ভ্রমণে ইচ্ছুক বিদেশী নাগরিকগণ ভ্রমণের অন্ততঃপক্ষে ১০(দশ) দিন পূর্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে ভ্রমণের উদ্দেশ্য, ভ্রমণসূচী ও অবস্থানের মেয়াদ বিস্তারিত উল্লেখ করে আবেদন করবেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয় তাদের আবেদন যাচাই করে অনুমতি প্রদানের বিষয় বিবেচনা করবে।
- ঙ) কোন দেশী-বিদেশী ব্যক্তি/সংস্থা পার্বত্য অঞ্চলে কোন সভা করতে চাইলে জেলা প্রশাসকের নিকট সভার আলোচ্যসূচি, সভার তারিখ, সময়, স্থান, সম্ভাব্য ব্যক্তি, সভার যৌক্তিকতা ইত্যাদি বিষয় উল্লেখ করে আগাম অনুমতি গ্রহণ করতে হবে। জেলা প্রশাসক সভার অনুমতির বিষয়টি যথেষ্ট সময় পূর্বে স্থানীয় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্টদের অবহিত করবেন।

২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ হাবিবুর রহমান)  
উপ-সচিব  
ফোনঃ ৯৫৭৬৩৩৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। পিসিপি স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৩। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়/পররাষ্ট্র মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়/বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ৫। মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/ভিজিএফআই/এনএসআই/র্যাব/এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
- ৬। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, মালিবাগ, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক, বান্দরবান/খাগড়াছড়ি/রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৮। পুলিশ সুপার, বান্দরবান/খাগড়াছড়ি/রাঙ্গামাটি পার্বত্য জেলা।

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। উপ-সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।